মূল ক্যাম্পাসে ফেরার দাবি

# ফের আন্দোলনে চবির চারুকলার শিক্ষার্থীরা

■ চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) চারুকলা ইনস্টিটিউটকে মূল ক্যাম্পাসে স্থানান্তরের দাবিতে আবারও আন্দোলনে নেমেছেন শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার দুপুরে প্রশাসনিক ভবনে তালা দিয়ে তারা এ দাবি জানান। সেই সঙ্গে বিভিন্ন অনিয়মের প্রতিবাদ জানিয়েছেন চারুকলার শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় থেকে ২২ কিলোমিটার দূরে অবস্থিত চারুকলা ইনস্টিটিউটকে মূল ক্যাম্পাসে ফিরিয়ে আনার দাবি এবারই প্রথম নয়। ২০১০ সালে চট্টগ্রাম নগরীর মেহেদীবাগের বাদশা মিয়া সড়কে স্থানান্তরের পর থেকে শিক্ষার্থীরা চারুকলা ইনস্টিটিউটকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ফেরানোর দাবি তুলেছেন বেশ কয়েকবার। ২০২২ সালের নভেম্বর মাস থেকে ধারাবাহিকভাবে ১০০ দিন ধরে এ দাবিতে আন্দোলন করেন তারা। ওই সময় ছাত্রলীগের (নিষিদ্ধ ঘোষিত) হামলার পর সে আন্দোলন স্থবির হয়ে যায়। পরে তৎকালীন শিক্ষামন্ত্রীর ক্যাম্পাস স্থানান্তর ও সংস্কারের দাবি পূরণের আশ্বাস এবং সেশনজট নিরসনের জন্য শিক্ষার্থীরা ক্লাসে ফিরে যান। তবে এক বছর ৯ মাস পর এসব দাবির দৃশ্যমান কোনো অগ্রগতি না দেখে এবং বিভিন্ন অনিয়মের প্রতিবাদে আবারও আন্দোলনে নেমেছেন শিক্ষার্থীরা।

সমকাল

চারুকলার শিক্ষার্থী খন্দকার মাসরুর আল ফাহিম সমকালকে বলেন, ২০২২ সালের আন্দোলনে আমাদের যেসব সংস্কারের আশ্বাস দেওয়া হয়েছিল, তার কোনো দৃশ্যমান অগ্রগতি দেখছি না। উল্টো ক্যান্টিন বন্ধ রাখা, পরীক্ষার ফল ধসিয়ে দেওয়া, ফল দিতে এক বছরের বেশি সময় নেওয়া ও ক্লাসে শিক্ষার্থীদের নির্যাতন করার মতো বিভিন্ন ধরনের দমনপীড়নমূলক আচরণ করেছেন শিক্ষকরা। পতিত সরকারের অনুসারী শিক্ষকরা আমাদের সঙ্গে এসব আচরণ করেছেন। ৫ আগস্টের পর আমরা শিক্ষার্থীরা ক্যান্টিন খুলেছি। তবে তাদের এসব অন্যায় এখনও চলমান।

উপ-উপাচার্য (প্রশাসনিক) অধ্যাপক কামাল

উদ্দিন বলেন, চারুকলা ইনস্টিটিউট থেকে আমাদের কিছু জানানো হয়নি। তবে আমাদের এক সহকারী প্রক্টর সেখানে গিয়েছেন। শিক্ষার্থীদের সঙ্গে তিনি আলোচনা করবেন।